


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ অফিস
জেদ্দা, সৌদি আরব।

বিজ্ঞপ্তি

তারিখঃ ২৩-০৮-২০১৭ খ্রি

সংশ্লিষ্ট সকলের সগতির জন্য জানানো যাচ্ছে যে, জেদ্দা কিং আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমান বন্দরের হজ টার্মিনালে এখন হজযাত্রীদের উপচেপড়া ভীড়। সারা পৃথিবী থেকে হজযাত্রী নিয়ে একের পর এক ফ্লাইট অবতরণ করছে। নির্দিষ্ট সংখ্যক ইমিগ্রেশন পয়েন্ট দিয়ে অসংখ্য হজযাত্রীর ইমিগ্রেশন করতে হচ্ছে। ফলে হজযাত্রীদের ফ্লাইট থেকে অবতরণ করার পর ইমিগ্রেশন প্রক্রিয়া শুরু করতে গড়ে ৫ ঘণ্টা অপেক্ষা করতে হচ্ছে। ইমিগ্রেশন লাইনে অপেক্ষা করতে হচ্ছে আরো এক ঘণ্টা। ইমিগ্রেশন সম্পন্ন করার পর মক্কার উদ্দেশ্যে বাসে উঠার জন্য নির্দিষ্ট প্লাজায় আরো ১-২ ঘণ্টা অপেক্ষা করতে হচ্ছে। সব মিলিয়ে জেদ্দা এয়ারপোর্টে প্রায় ৬-৭ ঘণ্টা হজযাত্রীদের অপেক্ষা করতে হচ্ছে।

এমতাবস্থায় বাংলাদেশ থেকে আগত হজযাত্রীদেরকে জেদ্দা হজ টার্মিনালের বর্তমান অবস্থা সম্পর্কে অবগত হয়ে প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে আসার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।



মোহাম্মাদ আনোয়ার হোসাইন
মৌসুমী সহকারী হজ অফিসার
বাংলাদেশ হজ অফিস
জেদ্দা, বাংলাদেশ